

ক্যাম্পাস ও বিভিন্ন স্থানে ছাত্র বিক্রেণিতে পুলিশী হামলা।

ইনকিশার বিপোর্ট : বুয়েট ছাত্র-ছাত্রীদের ওপর পুলিশী হামলার অভিযোগে গতকাল (সোমবার) ঢাকা বিশ্ববিদ্যালয়সহ রাষ্ট্রধর্মীর বিভিন্ন স্থানে ছাত্র বিক্রেণিতে পুলিশ হামলাসহ নানাভাবে বাধা জানান করেছে। ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে ছাত্রলীগ ও বামছাত্র সংগঠনের ১০ নেতা-কর্মীকে পুলিশ গ্রেফতার করে। গ্রেফতারকৃতরা ছাত্র নেতা ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র নয়। মুক্তাঙ্গনে বামছাত্র সংগঠনের মিছিলে পুলিশী হামলায় কমপক্ষে ১০ জন আহত হয়। বুয়েটে হামলার অভিযোগে কৃষি বিশ্ববিদ্যালয়ে অগতীশ ছাত্রজোটের মিছিল ও সমাবেশ

অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়, বুয়েট ও কেন্দ্রীয় শহীদ মিনারকে ব্যাপক পুলিশ মোতায়েন করা হয়। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পুলিশ কোন মিছিল করবে না দেয়নি। বিভিন্ন হাসপাতালে অনশনকারী অসুস্থ ছাত্রদের ছবি তুলতে গেলে ফটোসংবাদিকদের পুলিশ ধাক্কা দেয়। এদিকে বুয়েট বন্ধ ঘোষণার মাত্র ২৪ ঘণ্টার মধ্যে বিভিন্ন দাবীতে আন্দোলনরত সন্ত্রাসবিরাধী বুয়েট ছাত্রলীগ কোন ধরনের আনুষ্ঠানিকতা ছাড়াই আকস্মিক তাদের আনুষ্ঠান অনশন কর্মসূচী অবসর ঘোষণা করে। এ উপলক্ষে স্রেসক্রায়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে তারা জানান,

বুয়েট বন্ধ করার পরিস্থিতিতে দেশব্যাপী আন্দোলন ছড়িয়ে দেয়ার জন্য তারা আনুষ্ঠান অনশন ভঙ্গ করেছে। এদিকে গতকাল বুয়েটের একাডেমিক কাউন্সিলের সভা কোন সিদ্ধান্ত ছাড়াই শেষ হয়। আজ সভা পুনরায় বসবে। ছাত্রলীগ, সন্ত্রাসবিরাধী ছাত্রলীগ ও বিভিন্ন বামছাত্র সংগঠন বুয়েটে হামলার অভিযোগে আজ রাজধানীতে অর্ধদিবস হরতাল ও দেশব্যাপী শিলা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘট আহ্বান করেছে। এদিকে সচেতন বুয়েট ছাত্র পরিষদের বার্নারে বুয়েটের সাধারণ ছাত্র-ছাত্রীরা বলেছে, বুয়েটের কিছুর বিচারে ছাত্রদের সংগঠন সন্ত্রাসবিরাধী বুয়েট ছাত্রলীগ

সন্ত্রাসী কায়দায় বুয়েট বন্ধ করে দিয়ে অগ্রণে করেছে তারা সন্ত্রাসের পক্ষে। তারা আজ অসুস্থ হরতাল ও ছাত্র ধর্মঘট কর্মসূচী প্রত্যাহান করার আহ্বান জানান। বুয়েট ছাত্র-ছাত্রীদের ওপর পুলিশী হামলার অভিযোগে আজ অসুস্থ হরতালের সমর্থন বিভিন্ন ছাত্র সংগঠনের বিক্ষোভ ঠেকাতে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়, বুয়েট এবং কেন্দ্রীয় শহীদ মিনার এলাকায় ব্যাপক পুলিশ ও মান পোশাকধারী পুলিশ মোতায়েন করা হয়। ব্যাপক পুলিশ মোতায়েনের কারণে বুয়েট ও কেন্দ্রীয় শহীদ মিনার এলাকা ছিল কার্যত অবরুদ্ধ। সকাল ৭-এর পরে ৬-এর কঃ দেখুন

- ঢাবি ক্যাম্পাস থেকে ১০ জন গ্রেফতার
- বিভিন্ন স্থানে ব্যাপক পুলিশ মোতায়েন
- বুয়েট বন্ধের ২৪ ঘণ্টার মধ্যেই কোন আনুষ্ঠানিকতা ছাড়াই আনুষ্ঠান অনশন ভঙ্গ
- ফটোসংবাদিক লাঞ্চিত

তারিখ : ...
সূত্র : ...

দৈনিক ইনকিশার